

লক্ষণ ৪৮ বর্ষ ২৫ সংখ্যা

২০ - ২৬ জ্যৈষ্ঠ ১৪২৩

২৭ শাবান - ০৮ রামাদান ১৪৩৭ হিজরী

48 Year, Issue 25

03 - 09 June 2016

Price 50p

Established 21 February 1969



শেষের পাতা ■ 03 - 09 June 2016

48

## সংবর্ধনা সভায় বাণিজ্য দৃত রুশনারা আলী এমপি

# বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধির চেষ্টা করছি

লক্ষণ, ০১ জুন : বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের ব্যবসা-বাণিজ্য আরও বড়ানোর আঁচহ দেখিয়েছেন বাংলাদেশে যুক্তরাজ্যের বাণিজ্য দৃত রুশনারা আলী এমপি। বুধবার পশ্চিম লক্ষনে একটি হোটেলে তাঁকে দেয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে বাংলাদেশি বৎশোষ্টৃত ত্রিটিশ এমপি রুশনারা বলেন, বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে চেষ্টা করছেন তিনি। ইউকে বাংলাদেশ ক্যাটালিস্ট অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ইউকেবিসিসআই আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন। অনুষ্ঠানের শুরুতে ইউকেবিসিসআই'র প্রেসিডেন্ট বজ্জুর রশীদ এমবিই বলেন, রুশনারা আলী বাণিজ্যিক দৃত হওয়ায় আমরা খুশি। আমরা দুই দেশের মধ্যে বাণিজ্যিক বিনিয়োগ কীভাবে বাড়ানো যায় সে বিষয়ে কাজ করতে চাই। সংগঠনটির চেয়ারম্যান




ইকবাল আহমদ ওবিই বলেন, বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারিত করতে সকল বাঁধা অপসারনে রুশনারা আলীর সাথে আমরা কাজ করতে চাই।

রুশনারা আলী এমপি বলেন,

বাংলাদেশে বিনিয়োগ করা বড় দেশগুলোর একটি যুক্তরাজ্য। তিনি বলেন যুক্তরাজ্যের ২৪০ টি কোম্পানি বাংলাদেশের বিভিন্ন খাতে কাজ করছে। রুশনারা আলী।

পৃষ্ঠা ৪০



## বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধির চেষ্টা করছি

বলেন, দুই দেশের মধ্যে ২ দশমিক ৩ বিলিয়ন পাউন্ডের উপর বাণিজ্য হয়। এটি একটি বিশাল অংক এবং তা আরও বাঢ়ানো যেতে পারে। এজন্য আর্থিক প্রবৃদ্ধি ও সম্ভবির সঙ্গে সঙ্গে বাংলাদেশে সুশাসন প্রতিষ্ঠানের উপরও গুরুত্বারূপ করেন তিনি। সাতভারের রানা প্রাজা মর্মান্তিক দুর্ঘটনার কথা উল্লেখ করে এ ধরনের ঘটনা রোধে ব্যবসা প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারকের ও দায়িত্ব নেওয়ার আহবান জনান রুশরানা। বাংলাদেশের তৈরি পোশক শিল্পে পরিস্থিতির উন্নতি হলেও তা পর্যন্ত নয় বলে মন্তব্য করেন তিনি। রুশনারা আলী বলেন, দায়িত্ব নেওয়ার আগে

শেষ পৃষ্ঠার পর... ■ 03 - 09 June 2016

যুক্তরাজ্যে প্রধানমন্ত্রীর অফিসে আমি শর্ত দিয়েছিলাম, শ্রমিকদের উন্নত পরিবেশে, সুস্থ প্রশাসন ও মানুষের সাথে ভালো আচরণ করা না গেলে বাণিজ্য ও আর্থিক প্রবৃদ্ধি প্রমোট করতে পারবো না। ভালো কথা হচ্ছে, দুই দেশের সরকারই এ বিষয়ে একমত হয়েছে। বাংলাদেশ তার হস্তয়ে রয়েছে উল্লেখ করে রুশনারা দরিদ্র দুরীকরণ, অর্থনৈতিক উন্নয়ন, জলবায়ু পরিবর্তন ননা ধরনের প্রতিবন্ধকতা মোকাবেলায় সাহায্য করার ছাঁ প্রকাশ করেন। ব্রিটেনের ইউরোয় উনিয়নে থাকা না থাকা নিয়ে জুনে আয়োজিত গণভোটে প্রবাসী বাংলাদেশীদের ভোটে দেওয়ারও আহবান জনান তিনি।

ইউকেবিসিসিআই এর চেয়ারম্যান ইকবাল আহমদ ওবিই বলেন, রুশনারা আলী ইউকেটিআই এর দৃত নির্বাচিত হয়েছেন। তাই আমরা তার এই অর্জনকে সম্মান জানানোর জন্য এই অনুষ্ঠানের আয়োজন করেছি। আমাদের এমন একজন মানুষ প্রয়োজন। তিনি বাংলাদেশের ব্যবসা ব্রিটেনে এবং ব্রিটেনে বাণিজ্য বাংলাদেশে সম্প্রসারণের লক্ষ্যে কাজ করবেন। আর এই সুযোগটিকে কাজে লাগাতে চায় ইউকেবিসিসিআই। এর জন্য কমিউনিটির সকল ব্যবসায়ীদের এগিয়ে আসারও আহবান জনান তিনি। ইউকেবিসিসিআই এর প্রেসিডেন্ট বজ্রুর রশীদ এমবিই বলেন, আমাদের সংগঠন বাংলাদেশ থেকে ব্রিটেনে এবং ব্রিটেন থেকে বাংলাদেশে বিনিয়োগ বাঢ়ানোর জন্য কাজ করছে। ফলে বাণিজ্যিক দৃত হিসেবে রুশনারা আলীকে পেয়ে আমাদের সেই কাজটি আরো সহজ হবে। আমরা সাবেক ব্রিটিশ হাই কমিশনার বোর্ট গিবসনকে বলেছিলাম, বাংলাদেশে একটি ব্রিটিশ বাণিজ্যিক এলাকা প্রতিষ্ঠা করলে কেবল ব্রিটিশ বাংলাদেশীরা নয়, ব্রিটিশরাও বিনিয়োগ করবে। এটা আমাদের কাজের অন্যতম গুরুত্বপূর্ণ লক্ষ্য। আর এই উদ্যোগ বাস্তবায়িত হলে দুই দেশের বাণিজ্যিক পরিবেশে আরো সহজ হবে।

ইউকেবিসিসিআই এর ভাইস প্রেসিডেন্ট এম, এ রউফ বলেছেন, দেশে ব্রিটিশ প্রবাসীরা হাউজিং সেক্টরে সহজে বিনিয়োগ করতে পারে। এ খাতের জন্য বিনিয়োগকারীদের সহজ শর্তে খণ্ড দেয়ার নিয়ম প্রচলন রয়েছে।

লন্ডনের সদৃ বিদ্যায়ী বাংলাদেশ হাই কমিশনের রাষ্ট্রদূত আদুল হারান বলেছেন, দুই দেশের বিনিয়োগ আর্কমনে সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার দরজা খোলা রয়েছে। এ বিষয়ে কাজ করার জন্য সরকারের সংশ্লিষ্ট বিভাগ তৈরী রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। ব্যারিস্টার আনওয়ার বাবুল মিয়ার পরিচালনায় অনুষ্ঠিত সভায় আরো উপস্থিত হিলেন ইউকেবিসিসিআই এর সহ সভাপতি এম এ মালেক, ফাইনাল্স ডাইরেক্টর নাজমুল ইসলাম নূর, ডাইরেক্টর অফ ইন্টারন্যাশনাল ট্রেড এফেয়ার্স আজাদ আলী, এছাড়া ব্রন্ট কাউন্সিলের মেয়র পারভেজ আহমদ ও লন্ডন বাংলা প্রেসক্লাবের সভাপতি নবাব উদ্দিন বক্তব্য দেন। সভা শেষে রুশনারা আলীর হাতে সমানন্দ আরক তুলে দেওয়া হয় ইউকেবিসিসিআই এর পক্ষ থেকে।